

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১১/২০১৬

অভিযোগকারী : জনাব রিয়াজ মোর্শেদ মাসুদ
পিতা-আলী আজম
ছফুরা শ্যানশন ৩য় তলা
নশরতপুর, পোঃ-লাকসাম
উপজেলা-লাকসাম, কুমিল্লা।

প্রতিপক্ষ : জনাব মোঃ আমিনুর রশীদ
চীফ কমান্ড্যান্ট/পূর্ব
চীফ কমান্ড্যান্ট এর কার্যালয়
রেলওয়ে নিরাপত্তা বাহিনী
সি আর বি, চট্টগ্রাম।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১১-০২-২০১৬ ইং)

অভিযোগকারী জনাব রিয়াজ মোর্শেদ মাসুদ ০৮-১১-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে চীফ কমান্ড্যান্ট (পূর্ব) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), চীফ কমান্ড্যান্ট এর কার্যালয়, রেলওয়ে নিরাপত্তা বাহিনী, সি আর বি, চট্টগ্রাম বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

১. আপনার অধীনে যে সকল নিরাপত্তা চৌকি রয়েছে সেগুলোর নাম, ঠিকানা পাওয়ার জন্য আবেদন।
২. আপনার অধীনে নিরাপত্তা চৌকিতে দায়িত্বপ্রাপ্ত সকল চীফ ইন্সপেক্টর, কর্মকর্তা-কর্মচারী ও নিরাপত্তা সদস্যদের নাম, পদবী ও মোবাইল নম্বর পাওয়ার জন্য আবেদন।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ০৭-১২-২০১৫ তারিখে কমান্ড্যান্ট ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), কমান্ড্যান্ট এর কার্যালয়, রেলওয়ে নিরাপত্তা বাহিনী, সদর দপ্তর, ঢাকা বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০৪-০১-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

০৩। বিষয়টি কমিশনের ১৮-০১-২০১৬ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১১-০২-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব রিয়াজ মোর্শেদ মাসুদ হাজির। প্রতিপক্ষ জনাব মোঃ আমিনুর রশীদ, চীফ কমান্ড্যান্ট/পূর্ব, চীফ কমান্ড্যান্ট এর কার্যালয়, রেলওয়ে নিরাপত্তা বাহিনী, সি আর বি, চট্টগ্রাম হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্যাদি চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে আপীল কর্তৃপক্ষ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে কমিশনে অভিযোগ দায়ের করেন।

০৫। প্রতিপক্ষ চীফ কমান্ড্যান্ট/পূর্ব, চীফ কমান্ড্যান্ট এর কার্যালয়, রেলওয়ে নিরাপত্তা বাহিনী, সি আর বি, চট্টগ্রাম তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারী সঠিক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) বরাবরে তথ্য প্রাপ্তির আবেদন করেননি। নিরাপত্তা চৌকিতে অস্ত্রসহ গোলাবারুদ থাকে। নিরাপত্তা চৌকির অবস্থান ও চৌকিতে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের তথ্যাদি সরবরাহ করা হলে চৌকির এবং কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের নিরাপত্তা যে কোন সময় বিঘ্নিত হতে পারে বিধায় তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৭ (ক), (চ), (ছ), (জ), (ট) ও (ঢ) উপ-ধারা অনুযায়ী তথ্য সরবরাহ করা সম্ভব নয়।

(অ: পৃ: দ্র:)

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, অভিযোগকারী সঠিক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) বরাবরে আবেদন করেননি। তাছাড়া অভিযোগকারীর প্রার্থিত তথ্য তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৭ (ক), (চ) ও (ঝ) উপ-ধারা অনুযায়ী তথ্য সরবরাহ না করার যুক্তি তথ্য কমিশনের নিকট গ্রহণযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

অভিযোগকারী সঠিক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) বরাবরে আবেদন না করায় এবং প্রার্থিত তথ্য তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৭ (ক), (চ) ও (ঝ) উপ-ধারা অনুযায়ী সরবরাহ বাধ্যতামূলক না হওয়ায় অভিযোগটি খারিজ করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার